

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, ঠাকুরগাঁও

## নিলাম বিজ্ঞপ্তি

পত্র নং ৪৪.০২.৫১০০.০৩২.০৪.১১০.১৮

তারিখঃ ...৪.২. সেপ্টেম্বর ২০১৮

১। বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, ঠাকুরগাঁও এর অকেজো অর্ডন্যান্স দ্রব্যাদি সীলমোহরকৃত টেন্ডারের মাধ্যমে নিলামে বিক্রয় করা হইবে। নিলামকৃত দ্রব্যাদি ক্রয়ে আগ্রহী ফার্ম/ব্যক্তি কর্তৃক সরেজমিনে দেখার জন্য ২৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতিত) উন্মুক্ত রাখা হইবে। দরপত্রের সিডিউল ৪০০/- (চারশত) টাকা প্রদান পূর্বক অফিস চলাকালীন সময় ২৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত অত্র সেক্টর অফিস হইতে সংগ্রহ করা যাইবে। ২৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখ ১১৩০ ঘটিকার মধ্যে অত্র সেক্টরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করিতে হইবে এবং ঐ দিনই ১২০০ ঘটিকায় দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দরদাতার নিকট হইতে দ্রব্যাদি নগদ মূল্য (আয়কর ও ভ্যাটসহ) গ্রহণের মাধ্যমে হস্তান্তর করা হইবে। দরপত্র দাখিলের সময় দরপত্রের সংগে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যাংক ড্রাফট আর্নেস্ট মানি হিসেবে সেক্টর কমান্ডার, বিজিবি ঠাকুরগাঁও এর অনুকূলে দাখিল করিতে হইবে, অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২। সেক্টর কমান্ডার, বিজিবি ঠাকুরগাঁও কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

অতিরিক্ত পরিচালক (অপারেশন)  
সেক্টর কমান্ডারের পক্ষে